| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. তাপ ও তাপমাত্রা ব্যাখ্যা করতে পারবে।<br>২. পদার্থের তাপমাত্রিক ধর্ম ব্যাখ্যা করতে পারবে।<br>৩. ফারেনহাইট, সেলসিয়াস এবং কেলভিন স্কেলের মধ্যে সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।<br>৪. বস্তুর তাপমাত্রা বৃদ্ধি (বস্তুর অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধির সাপেক্ষে) ব্যাখ্যা করতে পারবে।<br>৫. পদার্থের তাপীয় প্রসারণ ব্যাখ্যা করতে পারবে।<br>৬. কঠিন পদার্থের দৈর্ঘ্য, ক্ষেত্রফল এবং আয়তন সম্প্রসারণ ব্যাখ্যা করতে পারবে।<br>৭. তরলের আপাত এবং প্রকৃত প্রসারণ ব্যাখ্যা করতে<br>৮. পদার্থের অবস্থার পরিবর্তনে তাপের প্রভাব ব্যাখ্যা করতে<br>৯. গলন, বাষ্পীভবন ও ঘনীভবন ব্যাখ্যা করতে পারবে।<br>১০. গলনাংক ও স্ফুটনাংক ব্যাখ্যা করতে পারবে।<br>১১. গলনাংকের উপর চাপের প্রভাব ব্যাখ্যা করতে পারবে।<br>১২. স্ফুটন ও বাষ্পায়ন ব্যাখ্যা করতে পারবে।<br>১৩. গলন এবং বাষ্পীভবনের সুপ্ততাপ ব্যাখ্যা করতে পারবে।<br>১৪. বাষ্পায়ন শীতলীকরণের কারণ ব্যাখ্যা করতে পারবে।<br>১৫. বাষ্পায়নের উপর নিয়ামকের প্রভাব ব্যাখ্যা করতে<br>১৬. আপেক্ষিক তাপ ও তাপ ধারণ ক্ষমতা ব্যাখ্যা করতে<br>১৭. তাপ পরিমাপের মূলনীতি ব্যাখ্যা করতে পারবে।<br>**মনোপেশিজ**<br>১৮. বরফের গলনাংক নির্ণয় এবং তাপমাত্রা- সময় লেখচিত্রে উপস্থাপন করতে পারবে।<br>১৯.পানির স্ফুটনাংক নির্ণয় এবং তাপমাত্রা- সময় লেখচিত্রে উপস্থাপন করতে পারবে।<br>২০.পরীক্ষণ কাজের উপকরণ ও যন্ত্রপাতি সঠিকভাবে ব্যবহার করতে পারবে।<br>**আবেগীয়**<br>২১.বিভিন্ন পদার্থের ভিন্ন ভিন্ন গলনাংক এবং স্ফুটনাংক কীভাবে প্রকৃতি ও জীবনের জন্য অনুকূল পরিবেশ তৈরি করেছে উপলব্ধি করতে পারবে এবং পদার্থের এমন আচরণের প্রশংসা করবে। | • তাপ ও তাপমাত্রা<br>• পদার্থের তাপমাত্রিক ধর্ম<br>• ফারেনহাইট, সেলসিয়াস এবং কেলভিন স্কেলের মধ্যে সম্পর্ক<br>• বস্তুর তাপমাত্রা বৃদ্ধি<br>• পদার্থের তাপীয় প্রসারণ<br>• কঠিন পদার্থের দৈর্ঘ্য, ক্ষেত্রফল এবং আয়তন সম্প্রসারণ<br>• তরলের আপাত এবং প্রকৃত প্রসারণ<br>• পদার্থের অবস্থার পরিবর্তনে তাপের প্রভাব<br>• গলন, বাষ্পীভবন ও ঘনীভবন<br>• গলনাংক ও স্ফুটনাংক<br>• গলনাংকের উপর চাপের প্রভাব<br>• স্ফুটন ও বাষ্পায়ন<br>• গলন এবং বাষ্পীভবনের সুপ্ততাপ<br>• বাষ্পায়ন শীতলীকরণের কারণ<br>• বাষ্পায়নের উপর নিয়ামকের প্রভাব<br>• আপেক্ষিক তাপ ও তাপ ধারণ ক্ষমতা<br>• তাপ পরিমাপের মূলনীতি |

**সপ্তম অধ্যায়ঃ তরঙ্গ ও শব্দ (১৪ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. তরঙ্গের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।<br>২. তরঙ্গ সংশ্লিষ্ট রাশিসমূহের মধ্যে সরল গাণিতিক সম্পর্ক স্থাপন এবং পরিমাপ করতে পারবে।<br>৩. শব্দ তরঙ্গের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে<br>৪. প্রতিধ্বনি সৃষ্টি ব্যাখ্যা করতে পারবে।<br>৫. দৈনন্দিন জীবনে প্রতিধ্বনির ব্যবহার ব্যাখ্যা করতে পারবে।<br>৬. শব্দের বেগ, কম্পাংক এবং তরঙ্গদৈর্ঘ্যের গাণিতিক সর্ম্পক হতে রাশিসমূহ পরিমাপ করতে পারবে।<br>৭. শব্দের বেগ পরিবর্তন ব্যাখ্যা করতে<br>৮. শ্রাব্যতা সীমা ব্যাখ্যা করতে পারবে।<br>৯. শব্দদূষণের কারণ ও ফলাফল এবং প্রতিরোধের কৌশল ব্যাখ্যা করতে | • তরঙ্গের প্রকারভেদ এবং বৈশিষ্ট্য<br>• তরঙ্গ সংশ্লিষ্ট রাশি এবং গাণিতিক সম্পর্ক<br>• শব্দ তরঙ্গ<br>• প্রতিধ্বনি সৃষ্টি<br>• প্রতিধ্বনির ব্যবহার<br>• শব্দের বেগ, কম্পাংক এবং তরঙ্গদৈর্ঘ্যের গাণিতিক সম্পর্ক<br>• শব্দের বেগের পরিবর্তন (মাধ্যম, তাপমাত্রা)<br>• শ্রাব্যতার সীমা ও শব্দের ব্যবহার<br>• তীব্রতা<br>• শব্দ দূষণ<br>• প্রতিরেধের কৌশল |

**অষ্টম অধ্যায়: আলোর প্রতিফলন (১৪ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| বুদ্ধিবৃত্তীয়<br>১. আলোর প্রকৃতি ব্যাখ্যা করতে পারবে।<br>২. আলোর প্রতিফলনের সূত্র ব্যাখ্যা করতে পারবে।<br>৩. দর্পণ ব্যাখ্যা করতেপারবে।<br>৪. প্রতিবিম্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৫. আলোক রশ্মির ক্রিয়ারেখা অঙ্কন করে দর্পণে আলোর প্রতিবিম্ব ব্যাখ্যা করতে পারবে।<br>৬. সমতল ও গোলীয় দর্পণে প্রতিবিম্ব সৃষ্টির কিছু সাধারণ ঘটনা ব্যাখ্যা করতে পারবে।<br>৭. দর্পণের ব্যবহার ব্যাখ্যা করতে পারবে।<br>৮. বির্বধন ব্যাখ্যা করতে পারবে।<br>**পরীক্ষা**<br>৯. প্রতিবিম্ব সৃষ্টি প্রদর্শন করতে পারবে।<br>**আবেগীয়**<br>১০. আমাদের জীবনে বিভিন্ন আলোকীয় ঘটনার প্রভাব এবং এদের অবদান উপলব্ধি করতে পারবে এবং প্রশংসা করতে পারবে। | ● আলোর প্রকৃতি<br>● আলোর প্রতিফলনের সূত্র<br>● দর্পণ- সমতল ও গোলীয় ( অবতল, উত্তল)<br>● প্রতিবিম্ব -বাস্তব ও অবাস্তব<br>● দর্পণে আলোর প্রতিবিম্ব<br>● সমতল ও গোলীয় দর্পণে প্রতিবিম্ব সৃষ্টির কিছু সাধারণ ঘটনা<br>● দর্পণের ব্যবহার<br>○ নিরাপদ ড্রাইভিং<br>○ পাহাড়ি রাস্তার অদৃশ্য বাক/পার্বত্য সড়কে বিপদজ্জনক বাঁক<br>● বির্বধন |

**নবম অধ্যায়: আলোর প্রতিসরণ ( ১৫ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. আলোর প্রতিসরণের সূত্র ব্যাখ্যা করতে<br>২. প্রতিসরাঙ্ক ব্যাখ্যা করতে পারবে।<br>৩. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ব্যাখ্যা করতে<br>৪. অপটিক্যাল ফাইবারের ব্যবহার ব্যাখ্যা করতে পারবে।<br>৫. দৈনন্দিন জীবনে আলোর প্রতিসরণের ব্যবহার ব্যাখ্যা করতে পারবে।<br>৬. লেন্সের প্রকারভেদ ব্যাখ্যা করতে পারবে<br>৭. আলোক রশ্মির ক্রিয়ারেখা অঙ্কন করে লেন্স সংক্রান্ত বিভিন্ন রাশি বর্ণনা করতে<br>৮. লেন্সে সৃষ্ট প্রতিবিম্ব আলোক রশ্মির ক্রিয়ারেখা অঙ্কন করে বর্ণনা করতে<br>৯. লেন্সের ক্ষমতা ব্যাখ্যা করতে পারবে।<br>**আবেগীয়**<br>দৈনন্দিন কার্যক্রমের এবং গবেষণার ক্ষেত্রে লেন্সের অবদানকে প্রশংসা করবে। | ● আলোর প্রতিসরণের সূত্র<br>● প্রতিসরাঙ্ক<br>● ক্রান্তি কোণ ও পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন<br>● অপটিক্যাল ফাইবার<br>○ টেলিকমিউনিকেশন এবং স্বাস্থ্য ক্ষেত্রে এর ব্যবহার<br>● আলোর প্রতিসরণের ব্যবহার<br>● লেন্স এবং লেন্সের প্রকারভেদ<br>● লেন্স সংক্রান্ত রাশি<br>○ ফোকাস দূরত্ব<br>○ লক্ষবস্তুর দূরত্ব<br>○ প্রতিবিম্বের দূরত্ব<br>● লেন্সে প্রতিবিম্ব সৃষ্টি<br>● লেন্সের ক্ষমতা |

**দশম অধ্যায়: স্থির তড়িৎ (১২ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. পরমাণু গঠনের ভিত্তিতে স্থির তড়িৎ সৃষ্টির মৌলিক কারণ ব্যাখ্যা করতে পারবে।<br>২. ঘর্ষণ ও আবেশ প্রক্রিয়ায় স্থির তড়িৎ সৃষ্টি ব্যাখ্যা করতে পারবে।<br>৩. তড়িৎবীক্ষণ যন্ত্রের সাহায্যে চার্জ শনাক্তকরণ করতে পারবে।<br>৪. কুলম্বের সূত্র ব্যবহার করে বৈদ্যুতিক বল পরিমাপ করতে পারবে।<br>৫. তড়িৎ বলরেখার মাধ্যমে তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য ও এর দিক ব্যাখ্যা করতে পারবে।<br>৬. তড়িৎ বিভব ব্যাখ্যা করতে পারবে।<br>৭. তড়িৎ শক্তি সংরক্ষণে ধারকের কার্যক্রম ব্যাখ্যা করতে পারবে।<br>৮. স্থির তড়িৎ ব্যবহার ব্যাখ্যা করতে পারবে।<br>৯. স্থির তড়িৎ বিপদজনক ঝুঁকি হতে রক্ষার কৌশল ব্যাখ্যা করতে পারবে।<br>১০. তড়িৎক্ষেত্র সৃষ্টির কারণ ব্যাখ্যা করতে পারবে।<br>**পরীক্ষা**<br>১১.ঘর্ষণ ও আবেশ প্রক্রিয়ায় চার্জ সৃষ্টি প্রদর্শন করতে পারবে।<br>**আবেগীয়**<br>১১.আমাদের জীবনে স্থির তড়িতের অবদান প্রশংসা করবে। | • স্থির তড়িৎ সৃষ্টি-<br>○ ঘর্ষণ প্রক্রিয়ায়<br>○ আবেশ প্রক্রিয়ায়<br>• চার্জ শনাক্তকরণ- তড়িৎবীক্ষণ যন্ত্রের ব্যবহার<br>• তড়িৎ বলের পরিমাপ-কুলম্বের সূত্র<br>• তড়িৎ বলরেখার মাধ্যমে তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য ও এর দিক ব্যাখ্য<br>• তড়িৎ বিভব<br>• তড়িৎ শক্তি সংরক্ষণ- ধারক<br>• স্থির তড়িতের ব্যবহার<br>• স্থির তড়িতের ঝুঁকি এবং নিরাপত্তা কৌশল |

**একাদশ অধ্যায়: চল তড়িৎ (২০ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. স্থির তড়িৎ হতে চলতড়িৎ সৃষ্টি প্রদর্শন করতে পারবে।<br>২. তড়িৎ প্রবাহের দিক এবং ইলেক্ট্রন প্রবাহের দিক ব্যাখ্যা করতে পারবে।<br>৩. তড়িৎ যন্ত্র ও উপকরণের প্রতীক ব্যবহার করে বর্তনী অঙ্কন করতে পারবে।<br>৪. পরিবাহী, অপরিবাহী এবং অর্ধপরিবাহী পদার্থ ব্যাখ্যা করতে পারবে।<br>৫. লেখচিত্রের সাহায্যে তড়িৎ প্রবাহ এবং বিভব পার্থক্য এর মধ্যে সম্পর্ক স্থাপন করতে পারবে।<br>৬. স্থির রোধ এবং পরিবর্তনশীল রোধ ব্যাখ্যা করতে<br>৭. তড়িৎচালক বল এবং বিভব পার্থক্য ব্যাখ্যা করতে<br>৮. রোধের নির্ভরশীলতা ব্যাখ্যা করতে পারবে।<br>৯. রোধকতা ও পরিবাহিতা ব্যাখ্যা করতে পারবে।<br>১০. শ্রেণি ও সমান্তরাল বর্তনী ব্যবহার করতে পারবে।<br>১১. বর্তনীতে তুল্যরোধ ব্যবহার করতে পারবে।<br>১২. তড়িৎচালক বল এবং বিভব পার্থক্য ব্যাখ্যা করতে<br>১৩. রোধের নির্ভরশীলতা ব্যাখ্যা করতে পারবে।<br>১৪. রোধকতা ও পরিবাহিতা ব্যাখ্যা করতে পারবে।<br>১৫. শ্রেণি ও সমান্তরাল বর্তনী ব্যবহার করতে পারবে।<br>১৬. বর্তনীতে তুল্যরোধ ব্যবহার করতে পারবে। তড়িৎ ক্ষমতার হিসাব করতে পারবে।<br>১৭. তড়িতের সিস্টেম লস এবং লোড শেডিং ব্যাখ্যা করতে<br>১৮. তড়িতের নিরাপদ ও কার্যকর ব্যবহার বর্ণনা করতে<br>**পরীক্ষা**<br>১৯. বাসা বাড়িতে ব্যবহার উপযোগী বর্তনীর নকশা প্রণয়ন করে এসি উৎসে এর ব্যবহার প্রদর্শন করতে পারবে।<br>**মনোপেশিজ**<br>২০. তড়িৎ শক্তির অপচয় রোধ ও সংরক্ষণে সচেতনতা সৃষ্টির জন্য পোস্টার অঙ্কন করতে পারবে।<br>**আবেগীয়**<br>২১. তড়িতের নিরাপদ ও কার্যকর ব্যবহারে সচেতনতা সৃষ্টি করতে পারবে। | • স্থির তড়িৎ হতে চল তড়িৎ সৃষ্টি<br>• তড়িৎ প্রবাহের দিক এবং ইলেক্ট্রন প্রবাহের দিক<br>• তড়িৎ প্রতীক : [সুইচ (একমুখী, দ্বিমুখী), কোষ, ব্যাটারি, স্থির রোধ, পরিবর্তনশীল রোধ, তড়িৎ উৎস (এসি এবং ডিসি),ফিউজ, লোড অ্যামিটার, ভোল্টমিটার,গ্যালভানোমিটার,ভূ সংযোগ, আড়াআড়ি তার, পেচানো তার ,ধারক]<br>• পরিবাহী, অপরিবাহী এবং অর্ধপরিবাহী<br>• বিভব পার্থক্য এবং তড়িৎ প্রবাহের মধ্যে সম্পর্ক-ওহমের সূত্র<br>• স্থির এবং পরিবর্তনশীল রোধ<br>• তড়িৎচালক বল এবং বিভব পার্থক্য<br>• রোধের নির্ভশীলতা :<br>○ দৈর্ঘ্য<br>○ প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল<br>○ তাপমাত্রা<br>○ উপাদান<br>• রোধকতা ও পরিবাহিতা<br>• শ্রেণি এবং সমান্তরাল বর্তনী তৈরি ও ব্যবহার<br>• তুল্যরোধ এবং বর্তনীতে তুল্যরোধের ব্যবহার<br>• তড়িৎ ক্ষমতার হিসাব<br>• তড়িতের সিস্টেম লস এবং লোড শেডিং<br>• তড়িতের নিরাপদ ও কার্যকর ব্যবহার<br>• বাসা বাড়ির উপযোগী তড়িৎ বর্তনীর নকশা প্রণয়ন এবং ব্যবহার প্রদর্শন |

## দ্বাদশ অধ্যায়: তড়িতের চৌম্বক ক্রিয়া (৮ পিরিয়ড)

| শিখনফল | বিষয়বস্তু |
| --- | --- |
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া ব্যাখ্যা করতে পারবে।<br>২. তড়িৎ চুম্বকীয় আবেশ ব্যাখ্যা করতে পারবে।<br>৩. আবিষ্ট তড়িৎ প্রবাহ এবং আবিষ্ট বিভব পার্থক্য ব্যাখ্যা করতে পারবে।<br>৪. মটর এবং জেনারেটরের মূলনীতি ব্যাখ্যা করতে<br>৫. ট্রান্সফরমারের মূলনীতি ব্যাখ্যা করতে পারবে।<br>৬. স্টেপ আপ ও স্টেপ ডাউন ট্রান্সফরমার কার্যক্রম ব্যাখ্যা করতে পারবে।<br>**আবেগীয়**<br>৭. আমাদের জীবনে তড়িতের নানারূপের ব্যবহার ও এর অবদানকে প্রশংসা করতে পারবে। | • পরিবাহিতে তড়িৎ প্রবাহের কারণে চৌম্বক প্রভাব<br>• তড়িৎ চুম্বকীয় আবেশ<br>• আবিষ্ট তড়িৎ প্রবাহ এবং আবিষ্ট বিভব পার্থক্য<br>• মটর এবং জেনারেটরের মূলনীতি ও কার্যক্রম<br>• ট্রান্সফরমারের মূলনীতি<br>• স্টেপ আপ ও স্টেপ ডাউন ট্রান্সফরমার কার্যক্রম |

## ত্রয়োদশ অধ্যায়: আধুনিক পদার্থ বিজ্ঞান ও ইলেক্ট্রনিক্স (১৪ পিরিয়ড)

| শিখনফল | বিষয়বস্তু |
| --- | --- |
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. তেজস্ক্রিয়তা ব্যাখ্যা করতে পারবে।<br>২. আলফা, বিটা এবং গামা রশ্মির বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে<br>৩. ইলেক্ট্রনিক্স এর ক্রমবিকাশ বর্ণনা করতে পারবে।<br>৪. এনালগ ও ডিজিটাল ইলেক্ট্রনিক্স এর পার্থক্য করতে<br>৫. অর্ধপরিবাহী এবং সমন্বিত বর্তনী ব্যাখ্যা করতে | • তেজস্ক্রিয়তা<br>• আলফা, বিটা ও গামা রশ্মি<br>• ইলেক্ট্রনিক্স এর ক্রমবিকাশ<br>• এনালগ ও ডিজিটাল ইলেক্ট্রনিক্স<br>• অর্ধপরিবাহী এবং সমন্বিত বর্তনী |

পরিশিষ্ট: ‘গ’

# শিখনফল ম্যাপ

**বিষয়: পদার্থবিজ্ঞান** **বিষয় কোড: ১৩৬**

| LO নং | অধ্যায় ১ | | | অধ্যায় ২ | | | অধ্যায় ৩ | | | অধ্যায় ৪ | | | অধ্যায় ৫ | | | অধ্যায় ৬ | | | অধ্যায় ৭ | | | অধ্যায় ৮ | | | অধ্যায় ৯ | | | অধ্যায় ১০ | | | অধ্যায় ১১ | | | অধ্যায় ১২ | | | অধ্যায় ১৩ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ |
| 1 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 2 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 3 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 4 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 5 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 6 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 7 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 8 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 9 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 10 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 11 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 12 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 13 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| 14 | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

পরিশিষ্ট: 'ঘ'

# বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়

## বিষয় : পদার্থবিজ্ঞান বিষয় কোড : ১৩৬

১. কোনটি লব্ধ রাশি?

ক. সময়
খ. ভর
গ. তাপমাত্রা
ঘ. চাপ

২. তরঙ্গদৈর্ঘ্য বিবেচনায় নিচের কোনটি সঠিক?

ক. গামা-রে < ইনফ্রোরেড < এক্স-রে
খ. মাইক্রোওয়েভ < ইনফ্রোরেড < রেডিও ওয়েভ
গ. এক্স-রে < মাইক্রোওয়েভ < ইনফ্রোরেড
ঘ. দৃশমান আলো < ইনফ্রোরেড < মাইক্রোওয়েভ

| ৩. | সংকট কোণের বিবেচনায় কোন চিত্রটি সঠিক ? | |
|---|---|---|
| | ক. |  |
| | খ. |  |
| | গ. |  |
| | ঘ. |  |

৪. 18cm তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট কোনো শব্দ বাতাসে 10 সেকেন্ডে 3600m দূরত্ব অতিক্রম করে। এর কম্পাঙ্ক কত ?

ক. 20000 Hz
খ. 2000 Hz
গ. 200 Hz
ঘ. 20 Hz

৫. কোন বাদ্যযন্ত্রে বাতাসের প্রবাহ কাজে লাগানো হয়?

ক. সেতারা খ. ঢোল
গ. তবলা ঘ. হারমোনিয়াম

**নিচের তথ্যের আলোকে ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
$25^0C$ তাপমাত্রার 200g ভরের তামার পাত্রে 200g ভরের $59.5^0C$ তাপমাত্রার পানি রাখা হলো। তাপ আদান প্রদানের ফলে পানি 2520J তাপ ছেড়ে দিয়ে উভয়ই $\theta^0C$ তাপমাত্রা প্রাপ্ত হলো। তামার আপেক্ষিক তাপ $400J\ kg^{-1}k^{-1}$ (অন্য কোনো ভাবে তাপ নষ্ট হয় না)

৬. θ এর মান কত ?

ক. $26.26^0C$
খ. $28.0^0C$
গ. $56.5^0C$
ঘ. $58.24^0C$

৭. উদ্দীপকের ঘটনায়-

i. পানি যতটুকু তাপ ছেড়ে দিবে পাত্র ততটুকু তাপ গ্রহণ করবে
ii. পাত্রের তাপমাত্রা যতটুকু বৃদ্ধি পাবে পানির তাপমাত্রা ততটুকু হ্রাস পাবে
iii. পাত্রে পানির উচ্চতা হ্রাস পাবে

নিচের কোনটি সঠিক ?

ক. ii
খ. iii
গ. i ও ii
ঘ. i ও iii

৮. ত্বরণের মাত্রা কোনটি ?

ক. $LT^{-1}$
খ. $LT^{-2}$
গ. $MLT^{-1}$
ঘ. $MLT^{-2}$

৯. আলফা কণার ভর নিচের কোনটির ভরের চারগুণ?

ক. প্রোটিয়াম
খ. ডিউটেরিয়াম
গ. ট্রিটিয়াম
ঘ. হিলিয়াম

১০. ক্ষমতার একক কোনটি?

ক. $Kgm^2s^{-3}$
খ. $Kgms^{-1}$
গ. $Kgms^{-2}$
ঘ. $Kgm^2s^{-2}$

**উদ্দীপকের আলোকে ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দাও :**




১১. A ও B এর মধ্যে ক্রিয়াশীল বল কত ?

ক. 0.5 N

খ. 5 N

গ. $4.5 \times 10^{9}$ N

ঘ. $4.5 \times 10^{10}$ N

১২. উদ্দীপকের ঘটনায়-

i. প্রতিটি আধানের মান এবং এদের মধ্যবর্তী দূরত্ব দ্বিগুণ করলে কুলম্ব বলের পরিবর্তন হবে না

ii. A তড়িৎ ক্ষেত্রের জন্য B বিন্দুতে তড়িৎ প্রাবল্য এবং B তড়িৎ ক্ষেত্রের জন্য A বিন্দুতে তড়িৎ প্রাবল্য সমান নয়

iii. A ও B গোলকদ্বয়ের ব্যসার্ধ সমান হলে উভয়ের বিভব সমান হবে

নিচের কোনটি সঠিক ?

ক. i খ. ii গ. i, ii ঘ. ii, iii

১৩. কোনটি অস্পর্শ বল ?

ক. টান বল

খ. ঘর্ষণজনিত বল

গ. মাধ্যাকর্ষণজনিত বল

ঘ. ক্রিয়া-প্রতিক্রিয়া বল




১৪. উপরের চিত্রে কোন বিন্দু দুটির বিভব সমান?

ক. A, B খ. A, E

গ. B, D ঘ. C, E

১৫. কোনটি ডিসি উৎসের প্রতীক ?

ক. 

খ. 

গ. 

ঘ. 

১৬. স্থির অবস্থান হতে বিনা বাধায় পড়ন্ত বস্তুর-

i দ্বিগুণ সময়ে বেগ দ্বিগুণ হবে

ii তিনগুণ সময়ে সরণ নয়গুণ হবে

iii বেগ চারগুণ হলে সরণ দ্বিগুণ হবে

নিচের কোনটি সঠিক ?

ক. i

খ. i ও ii

গ. i ও iii

ঘ. ii ও iii

১৭. কোনটি কাজের উদাহরণ?

ক. টিভি দেখা

খ. মই বেয়ে উঠা

গ. দেয়ালকে ঠেলা

ঘ. দাঁড়িয়ে থাকা

১৮. একটি সমতল ও একটি বক্রতল দ্বারা আবদ্ধ একটি স্বচ্ছ মাধ্যমকে কী বলে?

ক. লেন্স

খ. প্রিজম

গ. পেরিস্কোপ

ঘ. দর্পণ

**নিচের উদ্দীপকের আলোকে ১৯ ও ২০ নম্বর প্রশ্নের উত্তর দাও:**




কিছু সময় পর A বস্তুটি B বস্তুকে আঘাত করায় A থেমে গেল এবং B চলতে থাকল।

১৯. A বস্তুটি B বস্তুকে কত সময় পর আঘাত করেছে?

ক. 5 s খ. 10 s

গ. 15 s ঘ. 20 s

২০. সংঘর্ষের মুহূর্তে A ও B এর-

i. জড়তার পরিবর্তন হয়

ii. ভরবেগের বিনিময় হয়

iii. ত্বরণ সমান ও বিপরীতমুখী হয়

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i ও ii গ. ii ও iii ঘ. i ii ও iii

২১. একই উপাদান বিশিষ্ট কোন জোড়া তার বিদ্যুৎ পরিবহনের জন্য বেশি উপযোগী?

ক. 


খ. 


গ. 


ঘ. 


২২. কোনটিতে তড়িৎ চুম্বকীয় আবেশের নীতি প্রযোজ্য?

ক. মোটর
খ. ট্রান্সফর্মার
গ. সলিনয়েড
ঘ. স্পিকার

২৩. একই মানের বলের ক্রিয়ায় কোনটি বেশি চাপ প্রয়োগ করে?

ক. কলমের সরু মাথা
খ. ছুরির ধারালো প্রান্ত
গ. পুরুলোহার দন্ড
ঘ. পেরেকের চওড়া প্রান্ত

২৪. উত্তল দর্পণের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

ক. $m=1$
খ. $m>1$
গ. $m<1$
ঘ. $m\gg1$

২৫. নিচের কোন চিত্রটি সঠিক?



পরিশিষ্ট: '৬'

## বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ

### বিষয় : পদার্থবিজ্ঞান বিষয় কোড : ১৩৬

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

১. নিচের কোনটিতে আধানরূপে শক্তি সঞ্চিত থাকে?

ক. ধারক

খ. ট্রান্সফর্মার

গ. তড়িত কোষ

ঘ. ভ্যান ডি গ্রাফ

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন**

২. ত্বরণ সৃষ্টি হয়-

i. বল প্রয়োগে বস্তুর গতি বৃদ্ধি পেলে

ii. বস্তু মুক্তভাবে পড়তে থাকলে

iii. বস্তুর উপর লব্ধিবল শূন্য হলে

নিচের কোনটি সঠিক?

ক. i

খ. iii

গ. i ও ii

ঘ. i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন**

একটি পানির পাত্রে $10^{-3}m^3$ আয়তনের তিনটি ধাতব বস্তু x, y ও z আলাদাভাবে ডুবানো হল। এদের ভর যথাক্রমে 7.8 kg , 10.5 kg ও 19.3 kg।

৩. x এর প্লবতা কত নিউটন ?

ক. 1.00 N

খ. 9.80 N

গ. 76.44 N

ঘ. 128.21 N

৪. উদ্দিপকের ঘটনায়-

i. x বেশি হালকা মনে হবে

ii. y দ্বারা অপসারিত পানির ওজন সবচেয়ে বেশি

iii. z দ্বারা অপসারিত পানির আয়তন সবচেয়ে কম

নিচের কোনটি সঠিক?

ক. i

খ. ii

গ. i ও ii

ঘ. i, ii ও iii

**পরিশিষ্ট-'চ'**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/**১১৪৮**

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

## পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।

(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না

(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

পরিশিষ্ট: ‘ছ’

# ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

## বিষয় : পদার্থবিজ্ঞান  বিষয় কোড : ১৩৬

১. 1 kg ভরের কোনো স্থির বস্তুর উপর 5 N বল প্রয়োগ করায় বস্তুটি 4 s পর 20 $ms^{-1}$ বেগ প্রাপ্ত হয়। উক্ত সময়ে বস্তু কর্তৃক অতিক্রান্ত দূরত্ব কত?
ক. 10 m
খ. 20 m
গ. 40 m
ঘ. 80 m

২. কোনটির মান কখনোই পরিবর্তিত হয় না?
ক. কুলম্বের ধ্রুবক
খ. ভার্নিয়ার ধ্রুবক
গ. মহাকর্ষ ধ্রুবক
ঘ. লঘিষ্ঠ গণন

৩. একজন মানুষের দেহের উপর বায়ুমন্ডল কত বল প্রয়োগ করে?
ক. $1.5\times10^4$ N
খ. $1.5\times10^5$ N
গ. $1.5\times10^6$ N
ঘ. $1.5\times10^7$ N

৪. 150kg ভর ও $0.2m^3$ আয়তনের একটি বস্তুকে পানিতে ছেড়ে দিলে বস্তুটি-
**ক.** সম্পূর্ণ ডুবে যাবে
খ. সম্পূর্ণ ভেসে থাকবে
গ. সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় ডুবে
ঘ. আংশিক নিমজ্জিত অবস্থায় ভাসবে

৫. শব্দের বেগ নিচের কোনটির উপর নির্ভর করে না?
**ক.** তাপমাত্রা
খ. আর্দ্রতা
গ. ঘনত্ব
ঘ. চাপ

৬. 2m দৈর্ঘ্যের কোনো বস্তুকে উলম্বভাবে দর্পণের সামনে রাখা হলে 4m দৈর্ঘ্যর বাস্তব প্রতিবিম্ব গঠিত হয় । বিম্বের বিবর্ধন কত?
**ক.** 8
খ. 2
গ. 6
ঘ. 0.5

৭. তৌসিফ তার খেলনা গাড়ির চাকার ব্যাস মাপার জন্য বিদ্যালয়ের ল্যাবরেটরী হতে গোপনে 0.1 mm ভার্নিয়ার ধ্রুবকবিশিষ্ট স্লাইড ক্যালিপার্স বাড়িতে নিয়ে যায়। চাকাটির ব্যাস পরিমাপের সময় সে মূলস্কেলের পাঠ 0.7 cm এবং ভার্নিয়ার সমপাতন 1 দেখতে পেল।
খেলনা গাড়ির চাকার ব্যাস কত?
ক. 0.8 cm
খ. 0.71 cm
গ. 8.1 mm
ঘ. 7.01 mm

৮. বায়ু চাপ পরিমাপের যন্ত্রের নাম কী?
ক. থার্মোমিটার
খ. ব্যারোমিটার
গ. ক্যালরিমিটার
ঘ. সিসমোমিটার

৯.তার কুন্ডলীতে আবিষ্ট ভোল্টেজ পাওয়া যায়-
ক. তার কুন্ডলী সাপেক্ষে স্থির চুম্বক
খ. তার কুন্ডলী সাপেক্ষে গতিশীল চুম্বক
গ. কুন্ডলীর প্যাঁচ সংখ্যা হ্রাস করে
ঘ. কুন্ডলীর প্যাঁচ সংখ্যা সমান রেখে

১০. কোনটি আলোর ধর্ম?
**ক.** আলো এক প্রকার অনুদৈর্ঘ্য তরঙ্গ
**খ.** সকল মাধ্যমে আলোর বেগ সমান
**গ.** আলোর বেগ তাপমাত্রার উপর নির্ভর করে
**ঘ.** আলো কোনো কোনো ঘটনায় তরঙ্গের ন্যায় এবং কোনো কোনো ঘটনায় কণার ন্যায় আচরণ করে

১১. গাড়ির চাকা আবর্তিত হওয়ার সময় কোন ধরনের ঘর্ষণ সৃষ্টি হয়?
ক. স্থিতি ঘর্ষণ
খ. আবর্ত ঘর্ষণ
গ. প্রবাহী ঘর্ষণ
ঘ. পিছলানো ঘর্ষণ

১২. ভ্যান ডি গ্রাফ-
ক. চল বিদ্যুৎ তৈরিতে ব্যবহৃত হয়
খ. উচ্চ বিভব তৈরিতে ব্যবহৃত হয়
গ. স্থির বৈদ্যুতিক রং স্প্রেতে ব্যবহৃত হয়
ঘ. বজ্রনিরোধক এর কাজে ব্যবহৃত হয়

১৩. একটি বস্তু ভূমি থেকে তুলে টেবিলে রাখা হল। এখানে অভিকর্ষ বলের সাপেক্ষে কৃত কাজ-

i. বিভব শক্তির সমান
ii. ধনাত্মক
iii. ঋনাত্মক

নিচের কোনটি সঠিক?

ক. ii
খ. iii
গ. i ও iii
ঘ. i, ii ও iii

১৪. দুটি আহিত বস্তুর মধ্যে ক্রিয়াশীল কুলম্ব বল-

ক. দূরত্বের ব্যস্তানুপাতিক
খ. দূরত্বের বর্গের সমানুপাতিক
গ. আধানের গুণফলের বর্গের সমানুপাতিক
ঘ. উপরের কোনটি সঠিক নয়

১৫. ওহমের সূত্রের ব্যবহারিক প্রয়োগে কোন সম্পর্কটি সঠিক ?

ক. W = VIT
খ. $W = \frac{V^2 t}{R}$
গ. $W = I^2Rt$
ঘ. উপরের সবগুলো সঠিক

১৬. শুধুমাত্র অবাস্তব বিম্ব সৃষ্টিকারী লেন্স যার ফোকাস দূরত্ব 50 সেমি। উক্ত লেন্স হতে 1 মিটার দূরে বস্তু রাখলে প্রতিবিম্ব কোথায় গঠিত হবে?

ক. আলোক কেন্দ্র ও ফোকাস বিন্দুর মাঝে
খ. অসীম ও বক্রতার কেন্দ্রের মাঝে
গ. ফোকাস বিন্দুতে
ঘ. বক্রতার কেন্দ্রে

১৭. শব্দ তরঙ্গ এক প্রকার-

ক. যান্ত্রিক তরঙ্গ
খ. অনুপ্রস্থ তরঙ্গ
গ. অনুদৈর্ঘ্য তরঙ্গ
ঘ. তাড়িৎচৌম্বক তরঙ্গ

**পরিশিষ্ট: 'জ'**

## ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

## বিষয় : পদার্থবিজ্ঞান বিষয় কোড : ১৩৬

| ত্রুটিযুক্ত রূপ | ত্রুটিমুক্ত রূপ |
|---|---|
| **উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।** | |
| ১. একজন মানুষের দেহের উপর বায়ুমন্ডল কত বল প্রয়োগ করে?<br>ক. $1.5\times10^4$ N<br>খ. $1.5\times10^5$ N<br>গ. $1.5\times10^6$ N<br>ঘ. $1.5\times10^7$ N. | ১. স্বাভাবিক বায়ুমন্ডলী চাপে 1.5 $m^2$ বস্তুর উপর বায়ুমন্ডল কত বল প্রয়োগ করে?<br>ক. $1.5\times10^4$ N<br>খ. $1.5\times10^5$ N<br>গ. $1.5\times10^6$ N<br>ঘ. $1.5\times10^7$ N |
| **উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।** | |
| ২. শুধুমাত্র অবাস্তব বিম্ব সৃষ্টিকারী লেন্স যার ফোকাস দূরত্ব 50 সেমি। উক্ত লেন্স হতে 1 মিটার দূরে বস্তু রাখলে প্রতিবিম্ব কোথায় গঠিত হবে?<br>ক. আলোক কেন্দ্র ও ফোকাস বিন্দুর মাঝে<br>খ. অসীম ও বক্রতার কেন্দ্রের মাঝে<br>গ. ফোকাস বিন্দুতে<br>ঘ. বক্রতার কেন্দ্রে | ২. 50 সেমি ফোকাস দূরত্ব বিশিষ্ট অবতল লেন্স হতে 1 মিটার দূরে বস্তু রাখলে প্রতিবিম্ব কোথায় গঠিত হবে?<br>ক. আলোক কেন্দ্র ও ফোকাস বিন্দুর মাঝে<br>খ. অসীম ও বক্রতার কেন্দ্রের মাঝে<br>গ. ফোকাস বিন্দুতে<br>ঘ. বক্রতার কেন্দ্রে |
| **উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।** | |
| ৩. 1 kg ভরের কোনো স্থির বস্তুর উপর 5 N বল প্রয়োগ করায় বস্তুটি 4 s পর 20 $ms^{-1}$ বেগ প্রাপ্ত হয়। উক্ত সময়ে বস্তু কর্তৃক অতিক্রান্ত দূরত্ব কত?<br>ক. 10 m<br>খ. 20 m<br>গ. 40 m<br>ঘ. 80 m | ৩. কোনো স্থির বস্তুর উপর বল প্রয়োগ করায় বস্তুটি 4 s পর 20 $ms^{-1}$ বেগ প্রাপ্ত হয়। উক্ত সময়ে বস্তু কর্তৃক অতিক্রান্ত দূরত্ব কত?<br>ক. 10 m<br>খ. 20 m<br>গ. 40 m<br>ঘ. 80 m |
| **উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।** | |
| ৪. ভ্যান ডি গ্রাফ-<br>ক. চল বিদ্যুৎ তৈরিতে ব্যবহৃত হয়<br>খ. উচ্চ বিভব তৈরিতে ব্যবহৃত হয়<br>গ. স্থির বৈদ্যুতিক রং স্প্রেতে ব্যবহৃত হয়<br>ঘ. বজ্রনিরোধক এর কাজে ব্যবহৃত হয় | ৪. ভ্যান ডি গ্রাফ ব্যবহৃত হয়-<br>ক. চল বিদ্যুৎ তৈরিতে<br>খ. উচ্চ বিভব তৈরিতে<br>গ. স্থির বৈদ্যুতিক রং স্প্রেতে<br>ঘ. বজ্রনিরোধক এর কাজে |
| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।** | |
| ৫. কোনটির মান কখনোই পরিবর্তিত হয় না?<br>ক. কুলম্বের ধ্রুবক<br>খ. ভার্নিয়ার ধ্রুবক<br>গ. মহাকর্ষ ধ্রুবক<br>ঘ. লঘিষ্ঠ গণন | ৫. কোনটির মান সর্বদাই স্থির থাকে?<br>ক. কুলম্বের ধ্রুবক<br>খ. ভার্নিয়ার ধ্রুবক<br>গ. মহাকর্ষ ধ্রুবক<br>ঘ. লঘিষ্ঠ গণন |

<table>
<tr><td>৬. শব্দের বেগ নিচের কোনটির উপর নির্ভর  করে না?<br>ক. তাপমাত্রা<br>খ. আর্দ্রতা<br>গ. ঘনত্ব<br>ঘ. চাপ</td><td>৬. শব্দের বেগ নিচের কোনটির উপর নির্ভর  করে না?<br>ক. তাপমাত্রা<br>খ. আর্দ্রতা<br>গ. ঘনত্ব<br>ঘ. চাপ</td></tr>
<tr><td colspan="2">উদ্দীপকে এমন কোনো ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।</td></tr>
<tr><td>৭. গাড়ির চাকা আবর্তিত হওয়ার সময় কোন ধরনের ঘর্ষণ সৃষ্টি হয়?<br>ক. স্থিতি ঘর্ষণ<br>খ. আবর্ত ঘর্ষণ<br>গ. প্রবাহী ঘর্ষণ<br>ঘ. পিছলানো ঘর্ষণ</td><td>৭. চলন্ত গাড়ির চাকায় কোন ধরনের ঘর্ষণ সৃষ্টি হয়?<br>ক. স্থিতি ঘর্ষণ<br>খ. আবর্ত ঘর্ষণ<br>গ. প্রবাহী ঘর্ষণ<br>ঘ. পিছলানো ঘর্ষণ</td></tr>
<tr><td colspan="2">নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>৮. তৌসিফ তার খেলনা গাড়ির চাকার ব্যাস মাপার জন্য বিদ্যালয়ের ল্যাবরেটরী হতে গোপনে 0.1 mm ভার্নিয়ার ধ্রুবকবিশিষ্ট স্লাইড ক্যালিপার্স বাড়িতে নিয়ে যায়। চাকাটির ব্যাস পরিমাপের সময় সে মূলস্কেলের পাঠ 0.7 cm এবং ভার্নিয়ার সমপাতন 1 দেখতে পেল।<br>খেলনা গাড়ির চাকার ব্যাস কত?<br>ক. 0.8 cm<br>খ. 0.71 cm<br>গ. 8.1 mm<br>ঘ. 7.01 mm</td><td>৮. তৌসিফ তার খেলনা গাড়ির চাকার ব্যাস মাপার জন্য চাকাটি বিদ্যালয়ের ল্যাবরেটরিতে  নিয়ে গেল। শিক্ষকের অনুমতি নিয়ে ল্যাবরেটরিতে সে  0.1 mm ভার্নিয়ার ধ্রুবকবিশিষ্ট স্লাইড ক্যালিপার্স ব্যবহার করল। চাকাটির ব্যাস পরিমাপের সময় সে মূলস্কেলের পাঠ 0.7 cm এবং ভার্নিয়ার সমপাতন 1 দেখতে পেল।<br>খেলনা গাড়ির চাকার ব্যাস কত?<br>ক. 0.8 cm<br>খ. 0.71 cm<br>গ. 8.1 mm<br>ঘ. 7.01 mm</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।</td></tr>
<tr><td>৯. 150kg ভর ও $0.2m^3$ আয়তনের একটি বস্তুকে পানিতে ছেড়ে দিলে বস্তুটি-<br>ক. সম্পূর্ণ ডুবে যাবে<br>খ. সম্পূর্ণ ভেসে থাকবে<br>গ. সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় ডুবে<br>ঘ. আংশিক নিমজ্জিত অবস্থায় ভাসবে</td><td>৯. 150kg ভর ও $0.2m^3$ আয়তনের একটি বস্তুকে পানিতে ছেড়ে দিলে বস্তুটি-<br>ক. ডুবে তলদেশে স্থিত হয়<br>খ. সম্পূর্ণরূপে ভেসে থাকে<br>গ. সম্পূর্ণ নিমজ্জিত অবস্থায় ভাসে<br>ঘ. আংশিক নিমজ্জিত অবস্থায় ভাসে</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।</td></tr>
<tr><td>১০.তার কুন্ডলীতে আবিষ্ট ভোল্টেজ পাওয়া যায়-<br>ক. তার কুন্ডলী সাপেক্ষে স্থির চুম্বক<br>খ. তার কুন্ডলী সাপেক্ষে গতিশীল চুম্বক<br>গ. কুন্ডলীর প্যাঁচ সংখ্যা হ্রাস করে<br>ঘ. কুন্ডলীর প্যাঁচ সংখ্যা সমান রেখে</td><td>১০.তার কুন্ডলীতে আবিষ্ট ভোল্টেজ পাওয়া যায়-<br>ক. তার কুন্ডলী সাপেক্ষে স্থির চুম্বক ব্যবহার করে<br>খ. তার কুন্ডলী সাপেক্ষে গতিশীল চুম্বক ব্যবহার করে<br>গ. কুন্ডলীর প্যাঁচ সংখ্যা হ্রাস করে<br>ঘ. কুন্ডলীর প্যাঁচ সংখ্যা সমান রেখে</td></tr>
<tr><td colspan="2">পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।</td></tr>
<tr><td>১১. বায়ু চাপ পরিমাপের যন্ত্রের নাম কী?<br>ক. থার্মোমিটার<br>খ. ব্যারোমিটার<br>গ. ক্যালরিমিটার<br>ঘ. সিসমোমিটার</td><td>১১. বায়ু চাপ পরিমাপের যন্ত্রের নাম কী?<br>ক. হাইগ্রোমিটার<br>খ. ব্যারোমিটার<br>গ. ক্যালরিমিটার<br>ঘ. সিসমোমিটার</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।</td></tr>
</table>

<table>
<tr><td>১২. 2m দৈর্ঘ্যের কোনো বস্তুকে উলম্বভাবে দর্পণের সামনে রাখা হলে 4m দৈর্ঘ্যর বাস্তব প্রতিবিম্ব গঠিত হয় । বিম্বের বিবর্ধন কত?<br>ক. 8     খ. 2<br>গ. 6     ঘ. 0.5</td><td>১২. 2m দৈর্ঘ্যের কোনো বস্তুকে উলম্বভাবে দর্পণের সামনে রাখা হলে 4m দৈর্ঘ্যর বাস্তব প্রতিবিম্ব গঠিত হয় । বিম্বের বিবর্ধন কত?<br>ক. 8     খ. 6<br>গ. 2     ঘ. 0.5</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।</td></tr>
<tr><td>১৩. কোনটি আলোর ধর্ম?<br>ক. আলো এক প্রকার অনুদৈর্ঘ্য তরঙ্গ<br>খ. সকল মাধ্যমে আলোর বেগ সমান<br>গ. আলোর বেগ তাপমাত্রার উপর নির্ভর করে<br>ঘ. আলো কোনো কোনো ঘটনায় তরঙ্গের ন্যায় এবং কোনো কোনো ঘটনায় কণার ন্যায় আচরণ করে</td><td>১৩. কোনটি আলোর ধর্ম?<br>ক. আলো এক প্রকার অনুদৈর্ঘ্য তরঙ্গ<br>খ. সকল মাধ্যমে আলোর বেগ সমান<br>গ. আলোর বেগ তাপমাত্রার উপর নির্ভর করে<br>ঘ. আলো কণা ও তরঙ্গের ন্যায় আচরণ করে</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৪. একটি বস্তু ভূমি থেকে তুলে টেবিলে রাখা হল। এখানে অভিকর্ষ বলের সাপেক্ষে কৃত কাজ-<br>i. বিভব শক্তির সমান<br>ii. ধনাত্মক<br>iii. ঋনাত্মক<br>নিচের কোনটি সঠিক?<br>ক. ii<br>খ. iii<br>গ. i ও iii<br>ঘ. i, ii ও iii</td><td>১৪. একটি বস্তু ভূমি থেকে তুলে টেবিলে রাখা হল। এখানে কৃত কাজ-<br>i. বিভব শক্তির সমান<br>ii. প্রযুক্ত বলের সাপেক্ষে ধনাত্মক<br>iii. অভিকর্ষ বলের সাপেক্ষে ঋনাত্মক<br>নিচের কোনটি সঠিক?<br>ক. ii<br>খ. iii<br>গ. i ও iii<br>ঘ. i, ii ও iii</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৫. শব্দ তরঙ্গ এক প্রকার-<br>ক. যান্ত্রিক তরঙ্গ<br>খ. অনুপ্রস্থ তরঙ্গ<br>গ. অনুদৈর্ঘ্য তরঙ্গ<br>ঘ. তাড়িৎচৌম্বক তরঙ্গ</td><td>১৫. শব্দ তরঙ্গ এক প্রকার-<br>ক. বেতার তরঙ্গ<br>খ. মাইক্রোওয়েভ<br>গ. অনুদৈর্ঘ্য তরঙ্গ<br>ঘ. ইনফ্রারেড</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরে ‘উপরের সবগুলো সঠিক’-এমন বাক্য পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৬. ওহমের সূত্রের ব্যবহারিক প্রয়োগে কোন সম্পর্কটি সঠিক?<br>ক. $W = VIt$<br>খ. $W = I^2Rt$<br>গ. $W = \frac{V^2t}{R}$<br>ঘ. উপরের সবগুলো সঠিক</td><td>১৬. ওহমের সূত্রের ব্যবহারিক প্রয়োগে কোন সম্পর্কটি সঠিক?<br>ক. $W = VIt$<br>খ. $W = V^2Rt$<br>গ. $W = \frac{I^2t}{R}$<br>ঘ. $W = pIt$</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরে ‘উপরের কোনটিই সঠিক নয়’-এমন বাক্য পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>১৭. দুটি আহিত বস্তুর মধ্যে ক্রিয়াশীল কুলম্ব বল-<br>ক. দূরত্বের ব্যস্তানুপাতিক<br>খ. দূরত্বের বর্গের সমানুপাতিক<br>গ. আধানের গুণফলের বর্গের সমানুপাতিক<br>ঘ. উপরের কোনটি সঠিক নয়</td><td>১৭. দুটি আহিত বস্তুর মধ্যে ক্রিয়াশীল কুলম্ব বল-<br>ক. দূরত্বের বর্গের সমানুপাতিক<br>খ. দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক<br>গ. আধানের গুণফলের বর্গের সমানুপাতিক<br>ঘ. আধানের গুণফলের ব্যস্তানুপাতিক</td></tr>
</table>

পরিশিষ্ট: 'ঝ'

## বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------/বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড**

এসএসসি/দাখিল ২০... খ্রিস্টাব্দ

বিষয়: পদার্থবিজ্ঞান বিষয় কোড: **১৩৬**

| **চিন্তন দক্ষতার স্তর** | **অধ্যায়** | | | | | | | | | | | | | মোট প্রশ্ন সংখ্যা | % |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | ১০ম | ১১শ | ১২শ | ১৩শ | | |
| **উচ্চতর দক্ষতা** | | | | | | | | | | | | | | | |
| **প্রয়োগ দক্ষতা** | | | | | | | | | | | | | | | |
| **অনুধাবন দক্ষতা** | | | | | | | | | | | | | | | |
| **জ্ঞান দক্ষতা** | | | | | | | | | | | | | | | |
| **মোট** | | | | | | | | | | | | | | | |

**পরিশিষ্ট: 'ঞ'**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------/বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড

পরীক্ষার নাম------------- ২০--- খ্রিস্টাব্দ

বিষয়: পদার্থবিজ্ঞান বিষয় কোড: ১৩৬

বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |
| ৬ | |
| ৭ | |
| ৮ | |
| ৯ | |
| ১০ | |
| ১১ | |
| ১২ | |
| ১৩ | |
| ১৪ | |
| ১৫ | |

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|
| ১৬ | |
| ১৭ | |
| ১৮ | |
| ১৯ | |
| ২০ | |
| ২১ | |
| ২২ | |
| ২৩ | |
| ২৪ | |
| ২৫ | |

**পরিশিষ্ট: 'ট'**

## সৃজনশীল প্রশ্নের উদাহরণ

### বিষয় : পদার্থ বিজ্ঞান বিষয় কোড : ১৩৬

১. একটি স্লাইড ক্যালিপার্সের মূল স্কেলের ক্ষুদ্রতম 1 ঘরের দৈর্ঘ্য 0.5 mm। উক্ত স্কেল দ্বারা একটি দণ্ডের দৈর্ঘ্য পরিমাপ করা হলো 21.175 mm, যেখানে ভার্নিয়ার সমপাতন 7। উক্ত দণ্ডটির দৈর্ঘ্য একটি সাধারণ স্কেল দ্বারা পরিমাপ করা হলো। সাধারণ স্কেলটির ক্ষুদ্রতম 1 ঘরের দৈর্ঘ্য= 1 mm।

ক. মাত্রা কী? ১

খ. কাজ একটি লব্ধরাশি-ব্যাখ্যা করো। ২

গ. ভার্নিয়ার ধ্রুবক নির্ণয় করো। ৩

ঘ. কোন স্কেল দ্বারা অধিকতর সূক্ষ্মভাবে পরিমাপ করা যাবে? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। ৪

২.




B ও D বিন্দু থেকে বস্তুদ্বয় সমবেগে চলে XY দেয়ালকে আঘাত করে।

ক. শক্তি কাকে বলে ? ১

খ. ঝুলন্ত স্থির বস্তুতে ক্রিয়াশীল লব্ধিবল শূন্য হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. AB এর মান নির্ণয় করো। ৩

ঘ. 'ভরবেগ সমান হওয়া সত্ত্বেও উভয় বস্তু দ্বারা দেয়ালটি সমানভাবে ক্ষতিগ্রস্ত হবে না'- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে উক্তিটি যাচাই করো। ৪

৩. $28^0$ C তাপমাত্রায় একটি রেল লাইনের প্রতিটি ইস্পাতের পাতের দৈর্ঘ্য 30m এবং পরপর দুটি পাতের সংযোগস্থলের মধ্যবর্তী ফাঁক 2cm। ট্রেন চলাকালে রেলের পাত ও চাকার ঘর্ষণে পাতের তাপমাত্রা $88^0$C হয়। ( ইস্পাতের দৈর্ঘ্যপ্রসারণ সহগ $11 \times 10^{-6}$ $K^{-1}$ )

ক. আপেক্ষিক তাপ কী? ১

খ. অ্যালকোহল তাপমাত্রিক পদার্থ - ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রথম তাপমাত্রাকে ফারেনহাইট স্কেলে প্রকাশ করো। ৩

ঘ. ট্রেনটির চলাচলে দূর্ঘটনা ঘটবে কি না- যুক্তিসহ মতামত দাও। ৪

৪.




ক. আপেক্ষিক রোধ কী?

খ. একটি তারকে সুষমভাবে টেনে দ্বিগুণ করলে রোধ কীরূপ হবে? ব্যাখ্যা করো।

গ. $K_1$ খোলা অবস্থায় বর্তনীর তড়িৎপ্রবাহ নির্ণয় করো।

ঘ. $K_1$ ও $K_2$ চালু অবস্থায় $R_1$ ও $R_2$ এর মধ্যে কোনটি বেশি উত্তপ্ত হবে গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও।

৫. 10g ভরের ধাতব মুদ্রা ও পাখির পালক একই সাথে 44.1m উচ্চতার স্থির অবস্থান থেকে পড়তে দেয়া হলো। ($g=9.8ms^{-2}$)

ক. তাৎক্ষণিক দ্রুতি কী? ১

খ. একজন দৌড়বিদ সমাপ্তিরেখা (finishing line) স্পর্শ করার পরও কিছুক্ষণ দৌড় অব্যাহত রাখেন কেন? ২

গ. ধাতব মুদ্রা কত সময় পর ভূপৃষ্ঠে পতিত হবে তা নির্ণয় করো। ৩

ঘ. পড়ন্ত বস্তুর সূত্র ও বাস্তবতার নিরিখে কোন বস্তুটি আগে ভূ-পৃষ্ঠে পতিত হবে?-বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

৬. A ও B দুইটি ভিন্ন প্রাবল্যের তড়িৎক্ষেত্র। অসীম দূর থেকে 0.4C আধান A ও B বিন্দুতে আনা হলে যথাক্রমে 50J ও 100J কাজ সম্পাদিত হয়। উল্লেখ্য, 0.4C আধানটি A বিন্দুতে $4.5 \times 10^{10} N$ বল অনুভব করে।

ক. তড়িৎচালক শক্তি কী? ১

খ. বিদ্যুৎ প্রবাহে একটি মোটা তারের পরিবর্তে জোটবদ্ধ একাধিক সরু তার ব্যবহার করা হয় কেন? ২

গ. A বিন্দুতে তড়িৎ তীব্রতা নির্ণয় করো। ৩

ঘ. A ও B কে পরিবাহী দ্বারা যুক্ত করলে আধান কোন দিকে প্রবাহিত হয়? বিশ্লেষণ করো। ৪

৭. 4 cm ফোকাস দুরত্ব বিশিষ্ট একটি লেন্সের সামনে কোনো বস্তু রাখলে 120 cm দূরে বাস্তব বিম্ব পাওয়া যায়।

ক. লেন্সের আলোককেন্দ্র কী? ১

খ. স্পর্শ না করে লেন্স কীভাবে শনাক্ত করা যায়? ব্যাখ্যা করো। ২

গ. লেন্স হতে বিম্বের দূরত্ব নির্ণয় করো। ৩

ঘ. লেন্সটি হতে 60 cm দূরে বস্তু রাখলে সৃষ্ট বিম্বের অবস্থান, প্রকৃতি ও আকৃতি রশ্মিচিত্রের সাহায্যে ব্যাখ্যা করো। ৪

# সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

## বিষয় : পদার্থ বিজ্ঞান বিষয় কোড : ১৩৬

প্রশ্ন-১: একটি স্লাইড ক্যালিপার্সের মূল স্কেলের ক্ষুদ্রতম 1 ঘরের দৈর্ঘ্য 0.5 mm। উক্ত স্কেল দ্বারা একটি দণ্ডের দৈর্ঘ্য পরিমাপ করা হলো 21.175 mm, যেখানে ভার্নিয়ার সমপাতন 7। উক্ত দণ্ডটির দৈর্ঘ্য একটি সাধারণ স্কেল দ্বারা পরিমাপ করা হলো। সাধারণ স্কেলটির ক্ষুদ্রতম 1 ঘরের দৈর্ঘ্য= 1 mm।

ক. মাত্রা কী?

খ. কাজ একটি লব্ধ রাশি- ব্যাখ্যা করো।

গ. ভার্নিয়ার ধ্রুবক নির্ণয় করো।

ঘ. কোন স্কেল দ্বারা অধিকতর সূক্ষ্মভাবে পরিমাপ করা যাবে? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও।

**১(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | দক্ষতার স্তর | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(ক) | জ্ঞান | ১ | ১ | মাত্রার ধারণা লিখতে পারলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক / ভুল উত্তর লিখলে |

**নমুনা উত্তর:**

কোন ভৌত রাশিতে উপস্থিত মৌলিক রাশির সূচককে মাত্রা বলে।

**১(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | দক্ষতার স্তর | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(খ) | অনুধাবন | ২ | ২ | কাজ কেন লব্ধ রাশি তা ব্যাখ্যা করতে পারলে |
| | | | ১ | কাজ বা লব্ধ রাকির ধারণা লিখতে পারলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক / ভুল উত্তর লিখলে |

**নমুনা উত্তর:**

কাজের মাত্রা $ML^2T^{-2}$। কাজের মাত্রা হতে দেখা যায়, এটি ভর, সরণ ও সময় এই তিনটি মৌলিক রাশির সমন্বয়ে গঠিত। অতএব, কাজ একটি লব্দ রাশি।

বিকল্প:

কাজ = বল×সরণ = ভর×ত্বরণ×সরণ = ভর×সরণ$^2$/সময়$^2$

অতএব, কাজ = ভর×সরণ$^2$/সময়$^2$

অর্থাৎ কাজ ভর, সরণ ও সময় এই তিনটি মৌলিক রাশির সমন্বয়ে গঠিত। অতএব, এটি একটি লব্দ রাশি।

**১(গ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | দক্ষতার স্তর | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|---|
| ১(গ) | প্রয়োগ | ৩ | ৩ | ভার্নিয়ার ধ্রুবক নির্ণয় করতে পারলে |
| | | | ২ | সূত্র লিখে মান বসাতে পারলে |
| | | | ১ | সূত্র সঠিকভাবে লিখতে পারলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক / ভুল উত্তর লিখলে |

**নমুনা উত্তরঃ**

দেওয়া আছে,

দণ্ডের দৈর্ঘ্য = 21.175 mm

মূল স্কেলের পাঠ=21 mm

ভার্নিয়ার স্কেলের পাঠ = 21.175 mm-21 mm

=0.175 mm

ভার্নিয়ার সমপাতন=7

আমরা জানি, ভার্নিয়ার স্কেলের পাঠ = ভার্নিয়াার সমপাতন × ভার্নিয়ার ধ্রুবক

বা, ভার্নিয়ার ধ্রুবক = ভার্নিয়ার স্কেলের পাঠ ÷ ভার্নিয়ার সমপাতন

= 0.175 mm÷7

= 0.025 mm

**১(ঘ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| **প্রশ্ন নং** | **দক্ষতার স্তর** | **বরাদ্দকৃত নম্বর** | **বিভাজিত নম্বর** | **মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)** |
|---|---|---|---|---|
| ১(ঘ) | উচ্চতর দক্ষতা | ৪ | ৪ | গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে সঠিক সিদ্ধান্ত নিতে পারলে |
| | | | ৩ | যে কোনো একটি স্কেল দ্বারা পরিমাপের ক্ষেত্রে আপেক্ষিক ত্রুটি নির্ণয় করতে পারলে |
| | | | ২ | যে কোনো একটি স্কেল দ্বারা পরিমাপের ক্ষেত্রে আপেক্ষিক ত্রুটির সূত্র লিখে মান বসাতে পারলে |
| | | | ১ | চূড়ান্ত ত্রুটি নির্ণয় করতে পারলে/আপেক্ষিক ত্রুটির সূত্র লিখতে পারলে |
| | | | ০ | অপ্রাসঙ্গিক / ভুল উত্তর লিখলে |

**নমুনা উত্তরঃ**

ভার্নিয়ার স্কেলের ক্ষেত্রেঃ

পরিমাপকৃত দৈর্ঘ্য = 21.175 mm

এবং চূড়ান্ত ত্রুটি = ভার্নিয়ার ধ্রুবক ÷ 2

= 0.025 mm ÷ 2

= 0.0125 mm

অতএব,

আপেক্ষিক ত্রুটি = চূড়ান্ত ত্রুটি ÷ পরিমাপকৃত দৈর্ঘ্য

$$= \frac{\mathbf{0.0125\ mm}}{\mathbf{21.175\ mm}} \times \mathbf{100\%}$$

= 0.059%

সাধারণ স্কেলের ক্ষেত্রেঃ

পরিমাপকৃত দৈর্ঘ্য = 21 mm

এবং চূড়ান্ত ত্রুটি = ক্ষুদ্রতম 1 ঘরের দৈর্ঘ্য ÷ 2

= 1 mm ÷ 2

= 0.5 mm

অতএব,

আপেক্ষিক ত্রুটি = চূড়ান্ত ত্রুটি ÷ পরিমাপকৃত দৈর্ঘ্য

$$= \frac{\mathbf{0.5\ mm}}{\mathbf{21\ mm}} \times \mathbf{100\%}$$

**= 2.38%**

ভার্নিয়ার স্কেলের আপেক্ষিক ত্রুটি কম। সুতরাং ভার্নিয়ার স্কেল দ্বারা অধিক সূক্ষ্মভাবে পরিমাপ করা যাবে।

পরিশিষ্ট: 'ড'

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ

**বিষয় : পদার্থ বিজ্ঞান　　　　　বিষয় কোড : ১৩৬**

১. একই স্কেল দিয়ে ছোট দৈর্ঘ্যের চেয়ে বড় দৈর্ঘ্যের বস্তুর পরিমাপকৃত মান বেশি নির্ভুল হয় কেন?

২. দোলায়মান পেন্ডুলামের সর্বোচ্চ গতিশক্তি কোন অবস্থানে পাওয়া যায় এবং কেন?

৩. 5 cm ও 10 cm ব্যাসের দুটি সিলিন্ডার আকৃতির খোলা পাত্রে একই পরিমাণ পানি রাখলে কোন পাত্রটি আগে শুকাবে এবং কেন?

৪. একটি রাবারের ইয়াংস মডুলাস পীড়নের সমান হলে এর দৈর্ঘ্য কত গুণ বৃদ্ধি পাবে সূত্রের সাহায্যে নির্ণয় করো।

৫. রাইয়ান লেন্সের মাধ্যমে সূর্যের আলোর সাহায্যে কাগজে আগুন ধরাতে সক্ষম হলো। লেন্সটির ধরন উল্লেখ করে ঘটনাটি ব্যাখ্যা করো।

৬. P টাইপ ও N টাইপ অর্ধপরিবাহী পরস্পর থেকে আলাদা কেন? ব্যাখ্যা কর।

৭. প্রবাহকাল স্থির রেখে সমআকৃতির লোহা ও তামার তারের মধ্য দিয়ে একই তড়িৎ প্রবাহিত হলে তারদ্বয়ের মধ্যে কোনটি বেশি উত্তপ্ত হবে? কেন?

**পরিশিষ্ট-'ঢ'**

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

**প্রশ্ন-১: একই স্কেল দিয়ে ছোট দৈর্ঘ্যের চেয়ে বড় দৈর্ঘ্যের বস্তুর পরিমাপকৃত মান বেশি নির্ভুল হয় কেন?**

**১ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ | ২ | ২ | আপেক্ষিক ত্রুটির সূত্র বা সংজ্ঞা লিখে ব্যাখ্যা করতে পারলে |
| | | ১ | আপেক্ষিক ত্রুটির সূত্র বা সংজ্ঞা লিখতে পারলে |
| | | ০ | অপ্রাসঙ্গিক / ভুল উত্তর লিখলে |

**নমুনা উত্তরঃ**

আমরা জানি, আপেক্ষিক ত্রুটি=(চূড়ান্ত ত্রুটি)/(পরিমাপকৃত মান)

চূড়ান্ত ত্রুটি অপরিবর্তিত থাকলে পরিমাপকৃত মানের উপর আপেক্ষিক ত্রুটি নির্ভর করবে। একই স্কেল ব্যবহারের ক্ষেত্রে পরিমাপকৃত মান যার বেশি তার আপেক্ষিক ত্রুটি কম এবং পরিমাপের নির্ভুলতাও বেশি। বড় দৈর্ঘ্যের বস্তুটির আপেক্ষিক ত্রুটি কম হওয়ার কারণে এর পরিমাপকৃত মানের নির্ভুলতা বেশি হয়।

**প্রশ্ন-২: দোলায়মান পেন্ডুলামের সর্বোচ্চ গতিশক্তি কোন অবস্থানে পাওয়া যায় এবং কেন?**

**২ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ২ | ২ | ২ | সঠিক অবস্থান উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারলে |
| | | ১ | সঠিক অবস্থান উল্লেখ করতে পারলে |
| | | ০ | অপ্রাসঙ্গিক / ভুল উত্তর লিখলে |

**নমুনা উত্তরঃ**

দোলায়মান পেন্ডুলাম সাম্যবস্থানে বা ভূমির সাথে লম্ব বরাবর বা গতিপথের ঠিক মাঝ বরাবর থাকলে এর সর্বোচ্চ গতিশক্তি পাওয়া যায়। কারণ এই অবস্থানে বেগ সর্বোচ্চ হয়। আর বেগ সর্বোচ্চ হলে গতিশক্তিও সর্বোচ্চ হয়।

**প্রশ্ন-৩: 5 cm ও 10 cm ব্যাসের দুটি সিলিন্ডার আকৃতির খোলা পাত্রে একই পরিমাণ পানি রাখলে কোন পাত্রটি আগে শুকাবে এবং কেন?**

**৩ নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা**

| প্রশ্ন নং | বরাদ্দকৃত নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ৩ | ২ | ২ | কোন পাত্রটি আগে শুকাবে তা উল্লেখপূর্বক কারণ ব্যাখ্যা করতে পারলে |
| | | ১ | কোন পাত্রটি আগে শুকাবে তা উল্লেখ করতে পারলে |
| | | ০ | অপ্রাসঙ্গিক / ভুল উত্তর লিখলে |

**নমুনা উত্তরঃ**

দ্বিতীয় পাত্রটি আগে শুকাবে। আমরা জানি, যে পাত্রের মুক্তপৃষ্টের ক্ষেত্রফল বেশি তার বাষ্পায়নের হার বেশি। দ্বিতীয় পাত্রের ব্যাস বেশি হওয়ার কারণে এর মুক্তপৃষ্টের ক্ষেত্রফল বেশি। বাষ্পায়নের হার বেশি হওয়ায় দ্বিতীয় পাত্রটি আগে শুকাবে।

## পরিশিষ্ট : 'ণ' পরীক্ষা সংস্কারের প্রজ্ঞাপন

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

( ৬১৪৭ )
মূল্য ঃ টাকা ২.০০

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

(১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

(গ) প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের জন্য ১ মিনিট সময় বরাদ্দ থাকবে। এই হিসাবে বহুনির্বাচনী প্রশ্নপত্রের সময় বাদ দিয়ে অবশিষ্ট সময় কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য বরাদ্দ থাকবে।

(ঘ) যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৬০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৯টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৬টি প্রশ্নর উত্তর দিতে হবে। যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৪০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৬টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

(ঙ) প্রশ্ন প্রণেতাগণ বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট বিষয়ের সকল বিষয়বস্তু (Content Coverage) বিবেচনায় এনে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী বহুনির্বাচনী প্রশ্নপত্র তৈরি করবেন। এজন্য বোর্ড কর্তৃক নির্ধারিত নির্দেশক ছক (Specification Grid) অনুসরণ করতে হবে।

(চ) উত্তরপত্র মূল্যায়ন সঠিক ও নির্ভরযোগ্য করবার জন্য প্রশ্নপ্রণেতাগণ প্রশ্নপত্রের সঙ্গে নমুনা উত্তর (Model Answer) ও নম্বর প্রদান নির্দেশিকা (Marking Scheme) বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করবেন।

(ছ) পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়নকালে প্রধান পরীক্ষক কর্তৃক সরবরাহকৃত নমুনা উত্তর এবং নম্বর প্রদান নির্দেশিকা অনুসরণ করবেন। উত্তরপত্র প্রকৃত মূল্যায়নের পূর্বে প্রধান পরীক্ষকের তত্ত্বাবধানে পরীক্ষকগণ উত্তরপত্রে নমুনা নম্বর প্রদান (Sample Marking) অনুশীলনের মাধ্যমে প্রকৃত নম্বর প্রদানকে নির্ভরযোগ্য করবেন।

(২) এই পরীক্ষা সংস্কার ২০০৯ সালে অনুষ্ঠিতব্য এস.এস.এস পরীক্ষা থেকে কার্যকর হবে। বিদ্যালয়ের শিখন-শেখানো কার্যক্রম ও অভ্যন্তরীণ পরীক্ষায় এই পরীক্ষা সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

